



ড্যাফোডিল ভার্সিটিতে দ্রুততম সময়ে সনদ যাচাইয়ের সফল অ্যাপ উদ্ভাবন

ব্লক চেইন প্রযুক্তি ব্যবহার করে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশে প্রথমবারের মতো ছাত্রছাত্রীদের সার্টিফিকেট/সনদ ভেরিফিকেশন প্রক্রিয়া সফলভাবে বাস্তবায়িত করেছে। এতে সার্টিফিকেট যাচাইয়ের দীর্ঘসূত্রতা কমে আসবে এবং চাকরিনাতা, শিক্ষাপ্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী সনদ যাচাই করতে পারবে, শুধু একটি মোবাইল অ্যাপ ব্যবহার করেই। গতকাল ড্যাফোডিল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। এতে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ হামিদুল হক খান। ইউনিভার্সিটির সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান অধ্যাপক ড. তৌহিদ হুইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন- সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ খালেদ সোহেল, সফটবিডি লিমিটেডের প্রধান নির্বাহী আতিকুল ইসলাম খান ও প্রধান অপারেটিং অফিসার তানভির আহমেদ। বিজ্ঞপ্তি।